

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬৩৮

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (کتاب النوافل) পরিচ্ছেদঃ ১১) কিয়ামুল্লায়ল (রাতে নফল নামায পড়া) করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في قيام الليل

আরবী

(حسن) وَعَنْ فضالة بن عبيد و تميم الداري رَضِيَ اللَّهُ عَنْهُمَا عَنْ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلْيهِ وَسَلَّمَ قال: مَنْ قَرَأً عَشْرَ آيَاتٍ فِي لَيْلَةٍ ، كُتِبَ لَهُ قِنْطَارٌ ، وَالْقِنْطَارُ خَيْرٌ مِنَ الدُّنْيَا وَمَا فِيهَا ، فَإِذَا كَانَ يَوْمَ الْقِيَامَةِ ، يَقُولُ رَبُّكَ عَزَّ وَجَلَّ : اقْرَأْ وَارْقَ لِكُلِّ آيَةٍ دَرَجَةً ، وَمَا فِيهَا ، فَإِذَا كَانَ يَوْمَ الْقِيَامَةِ ، يَقُولُ رَبُّكَ عَزَّ وَجَلَّ لِلْعَبْدِ : اقْبِضْ ، فَيَقُولُ الْعَبْدُ بِيَدِهِ يَا حَتَّى يَنْتَهِيَ إِلَى آخِرِ آيَةٍ مَعَهُ ، يَقُولُ الله عَزَّ وَجَلَّ لِلْعَبْدِ : اقْبِضْ ، فَيَقُولُ الْعَبْدُ بِيَدِهِ يَا رَبُّ أَنْتَ أَعْلَمُ ، يَقُولُ بِهَذِهِ الْخُلْدَ ، وَبِهَذِهِ النَّعِيمَ. رواه الطبراني في الكبير والأوسط رَبُّ أَنْتَ أَعْلَمُ ، يَقُولُ بِهَذِهِ الْخُلْدَ ، وَبِهَذِهِ النَّعِيمَ. رواه الطبراني في الكبير والأوسط

বাংলা

৬৩৮. (হাসান) ফাযালা বিন উবাইদ ও তামীম দারী (রাঃ) থেকে বর্ণিত। নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ "যে ব্যক্তি রাতে দশটি আয়াত পাঠ করবে, তার জন্য 'কেনতার' পরিমাণ ছওয়াব লিখা হবে। আর কেনতার হচ্ছে দুনিয়া এবং তার মধ্যস্থিত সকল বস্তু হতে উত্তম। কিয়ামত দিবসে সুমহান আল্লাহ্ বলবেনঃ প্রত্যেকটি আয়াত পড় এবং একটি সিঁড়ি বেয়ে উপরে উঠ। এভাবে তার সাথে যত আয়াত আছে তার শেষ পর্যন্ত পৌঁছে যাবে। মহামহিম আল্লাহ্ বান্দাকে বলবেনঃ আঁকড়ে ধর। তখন বান্দা বলবে, হাত দিয়ে হে আমার পালনকর্তা! আপনি অধিক জ্ঞান রাখেন। তিনি বলবেনঃ এই (ডান) হাত দিয়ে চিরস্থায়ীত্ব আঁকড়ে ধর এবং এই (বাম) হাত দিয়ে চিরকালীন সুখ চেপে ধর।" (ত্বাবরানী ১২৫৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ ফাযালা ইবন উবায়দ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন